৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট**

(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

ডিসিএম সার্কুলার লেটার নং- ০১/২০২৪

তারিখঃ ৪ চৈত্র, ১৪৩০
১৮ মার্চ, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পবিত্র রমজান মাস উপলক্ষে জাল নোট প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, বিভিন্ন উৎসবের প্রাক্কালে নোট জালকারী চক্রের অপতৎপরতা বৃদ্ধি পায়। এ প্রেক্ষিতে আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে নোট জালকারী চক্রের অপতৎপরতা প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো ঃ

(১) পবিত্র রমজান মাসে ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্র [যা এ বিভাগের ০৭/০২/২০২৩ তারিখের পত্র নং-ডিসিএম(এফএন)ঃ১০(সভা)/২০২৩-৬১৪ মারফত সরবরাহ করা হয়েছে] ঢাকা শহরে **'সংযোজনী-ক'** মোতাবেক এবং বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসসমূহ কর্তৃক নির্ধারিত সূচি অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় শহর ও বগুড়া জেলা শহরের গুরুত্বপূর্ণ জনসমাগমস্থল যেমন- হাটবাজার, শপিং মল, বাস টার্মিনাল, রেল স্টেশন ইত্যাদি বা রাস্তার মোড়ে সন্ধ্যার পর কমপক্ষে ০১(এক) ঘন্টা করে প্রচার করতে হবে;

(২) উল্লিখিত ভিডিও চিত্র প্রচার সংক্রান্ত কার্যক্রম তদারকি করার লক্ষ্যে প্রতিটি ব্যাংক কর্তৃক মনোনীত ১(এক) জন উপযুক্ত সমন্বয়কারী কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি আগামী ২১/০৩/২০২৪ তারিখের মধ্যে rafat.fatema@bb.org.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে;

(৩) উল্লিখিত ভিডিও চিত্রটি রমজান মাসে পুরো ব্যাংকিং সময়ে ব্যাংকের শাখাসমূহে গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে প্রদর্শন করতে হবে;

(৪) এ বিভাগের ১১/১২/২০১৩ তারিখের পরিপত্র নং-ইপ্রশাঃ১৬৯/২০১৩-০৩ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক শাখায় উচ্চ মূল্যমানের নোট গ্রহণ ও প্রদানকালে এবং এটিএম মেশিনে টাকা ফিডিংয়ের পূর্বে আবশ্যিকভাবে জাল নোট সনাক্তকারী মেশিন দ্বারা নোট পরীক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে; এবং

(৫) পবিত্র রমজান মাস শেষ হওয়ার অব্যবহিত ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনা আপনাদের ব্যাংক কর্তৃক পরিপালনের সপক্ষে একটি সচিত্র প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোকসুদুজ্জামান)
পরিচালক (ডিসিএম)
ফোনঃ ৯৫৩০০৯০

## পবিত্র রমজান উপলক্ষে ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্র প্রদর্শনের সময়সূচী

| ক্রমিক নং | ব্যাংকের নাম | স্থান | তারিখ |
|---|---|---|---|
| ১. | সোনালী ব্যাংক পিএলসি | শাপলা চত্ত্বর, মতিঝিল | রমজান মাসের প্রতি কর্মদিবস |
| ২. | অগ্রণী ব্যাংক পিএলসি | আবদুল্লাহপুর, উত্তরা | রমজান মাসের সকল সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার ও শনিবার) |
| ৩. | জনতা ব্যাংক পিএলসি | মহাখালী বাস টার্মিনাল | ঐ |
| ৪. | রূপালী ব্যাংক পিএলসি | দিলকুশা | ঐ |
| ৫. | পূবালী ব্যাংক পিএলসি | শাহবাগ | ঐ |
| ৬. | উত্তরা ব্যাংক পিএলসি | ইসলামপুর | ঐ |
| ৭. | এবি ব্যাংক পিএলসি | হাজারীবাগ | ঐ |
| ৮. | ন্যাশনাল ব্যাংক লিঃ | যাত্রাবাড়ী বাস স্টপেজ | ঐ |
| ৯. | সিটি ব্যাংক পিএলসি | বাড্ডা | ঐ |
| ১০. | সাউথইস্ট ব্যাংক পিএলসি | বাংলা মোটর | ঐ |
| ১১. | ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি | গুলিস্তান বাস স্টপেজ | ঐ |
| ১২. | ঢাকা ব্যাংক পিএলসি | সায়দাবাদ বাস টার্মিনাল | ঐ |
| ১৩. | আইএফআইসি ব্যাংক পিএলসি | শনির আখড়া | ঐ |
| ১৪. | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | বনানী বাজার | ঐ |
| ১৫. | বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ | মালিবাগ সুপার মার্কেট | ঐ |
| ১৬. | কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি | হাতিরপুল বাজার | ঐ |
| ১৭. | যমুনা ব্যাংক পিএলসি | রামপুরা বাজার | ঐ |
| ১৮. | হাবিব ব্যাংক লিঃ | হাউজ বিল্ডিং মোড়, উত্তরা | ঐ |
| ১৯. | উরী ব্যাংক | আযমপুর, উত্তরা | ঐ |
| ২০. | ওয়ান ব্যাংক পিএলসি | বনশ্রী | ঐ |
| ২১. | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি | মোহাম্মদপুর কৃষি মার্কেট | ঐ |
| ২২. | শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি | নিউ মার্কেট | ঐ |
| ২৩. | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | নয়া পল্টন | ঐ |
| ২৪. | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক পিএলসি | এলিফ্যান্ট রোড | ঐ |
| ২৫. | মধুমতি ব্যাংক পিএলসি | কমলাপুর রেলস্টেশন | ঐ |
| ২৬. | এক্সিম ব্যাংক লিঃ | মিরপুর-১০ গোল চত্ত্বর | ঐ |
| ২৭. | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি | মৌচাক মার্কেট | ঐ |
| ২৮. | সোস্যাল ইসলামী ব্যাংক পিএলসি | বসুন্ধরা সিটি শপিং মল | ঐ |
| ২৯. | ডাচ্-বাংলা ব্যাংক পিএলসি | শান্তিনগর মোড় | ঐ |
| ৩০. | ব্যাংক এশিয়া লিঃ | বাসাবো | ঐ |

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট
জাল ও অচল নোট প্রতিরোধ পর্যালোচনা কোষ
বাংলাদেশ ব্যাংক, প্রঃ কাঃ ঢাকা

| ক্রমিক নং | ব্যাংকের নাম | স্থান | তারিখ |
|---|---|---|---|
| ৩১. | সাউথ বাংলা এগ্রিকালচারাল এন্ড কমার্স ব্যাংক পিএলসি | বাইতুল মোকাররম | রমজান মাসের সকল সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার ও শনিবার) |
| ৩২. | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | কাপ্তানবাজার | ঐ |
| ৩৩. | ইউনিয়ন ব্যাংক পিএলসি | যমুনা ফিউচার পার্ক | ঐ |
| ৩৪. | দি প্রিমিয়ার ব্যাংক পিএলসি | বেইলী রোড | ঐ |
| ৩৫. | আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ | কারওয়ান বাজার | ঐ |
| ৩৬. | ইস্টার্ন ব্যাংক পিএলসি | ওয়ারী | ঐ |
| ৩৭. | প্রাইম ব্যাংক পিএলসি | মিরপুর-১ চত্বর | ঐ |
| ৩৮. | ট্রাস্ট ব্যাংক লিঃ | কচুক্ষেত বাজার | ঐ |
| ৩৯. | ব্র্যাক ব্যাংক পিএলসি | রাজধানী সুপার মার্কেট, টিকাটুলি | ঐ |
| ৪০. | বাংলাদেশ কৃষি ব্যাংক | আলম মার্কেট, জুরাইন | ঐ |
| ৪১. | বেসিক ব্যাংক লিঃ | শ্যামলী স্কয়্যার | ঐ |
| ৪২. | ব্যাংক আল ফালাহ লিঃ | মিরপুর-১২ | ঐ |
| ৪৩. | আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি | শাহজাহানপুর | ঐ |
| ৪৪. | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ফার্মগেট | ঐ |
| ৪৫. | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | গুলশান-২ চত্বর | ঐ |
| ৪৬. | ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক পিএলসি | কল্যাণপুর বাস স্ট্যান্ড | ঐ |
| ৪৭. | এনআরবি কমার্শিয়াল ব্যাংক পিএলসি | মুগদাপাড়া | ঐ |
| ৪৮. | গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি | রিং রোড | ঐ |
| ৪৯. | দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ | ধানমন্ডি পুরাতন ২৭ নং সড়ক | ঐ |
| ৫০. | এনআরবি ব্যাংক লিঃ | নওয়াবপুর | ঐ |
| ৫১. | মিডল্যান্ড ব্যাংক লিঃ | বিমান বন্দর রেলস্টেশন | ঐ |
| ৫২. | মার্কেন্টাইল ব্যাংক পিএলসি | ইমামগঞ্জ | ঐ |
| ৫৩. | মেঘনা ব্যাংক পিএলসি | চকবাজার | ঐ |
| ৫৪. | সিটি ব্যাংক এন. এ. | গুলশান-১ গোল চত্বর | ঐ |
| ৫৫. | সীমান্ত ব্যাংক পিএলসি | সীমান্ত স্কয়্যার | ঐ |
| ৫৬. | পদ্মা ব্যাংক পিএলসি | সাত মসজিদ রোড, ধানমন্ডি | ঐ |
| ৫৭. | কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি | খিলগাঁও তালতলা | ঐ |
| ৫৮. | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক পিএলসি | জমজম টাওয়ার মোড়, উত্তরা | ঐ |

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট, জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ, বাংলাদেশ ব্যাংক, প্রঃ কাঃ ঢাকা